

নতুন ধারার দৈনিক

# আমাদেশেময়

## দেশব্যাপী পাঠ্যপুস্তক উৎসব আজ

প্রকাশ | ০১ জানুয়ারি ২০১৯, ০০:০০ | আপডেট: ০১ জানুয়ারি ২০১৯, ০৯:১৩



নিজস্ব প্রতিবেদক



নতুন বছর। নতুন বই।  
নতুন ক্লাস। অন্যরকম  
শুরু ৪ কোটি ২৬ লাখ  
১৯ হাজার ৮৬৫ শিশু-  
কিশোরের। সারাদেশে  
পাঠ্যপুস্তক উৎসবে  
উদ্যাপন করা হবে  
আজ। ঢাকায়  
কেন্দ্রীয়ভাবে পৃথক  
পাঠ্যপুস্তক উৎসবের  
আয়োজন করছে শিক্ষা  
মন্ত্রণালয়। এবং  
প্রাথমিক ও গণশিক্ষা  
মন্ত্রণালয়। উৎসবে  
নতুন শিক্ষাবর্ষের  
শিক্ষার্থীর মাঝে ৩৫  
কোটি ২১ লাখ ৯৭  
হাজার ৮৮২টি  
পাঠ্যপুস্তক তুলে দেবে  
সরকার।  
সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের  
তথ্যনুযায়ী, শিক্ষামন্ত্রী  
নুরুল ইসলাম নাহিদ  
সকাল সাড়ে ৯টায়

আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল অ্যান্ড কলেজ মাঠে শিক্ষা মন্ত্রণালয়ের আয়োজনে পাঠ্যপুস্তক উৎসবে থাকবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে সকাল ১০টায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পাঠ্যপুস্তক উৎসবে থাকবেন এ মন্ত্রণালয়ের মন্ত্রী মোস্তাফিজুর রহমান। এর আগে গত ২৪ ডিসেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবনে ২০১৯ সালের প্রাথমিক ও মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তক আনুষ্ঠানিকভাবে শিক্ষার্থীদের হাতে তুলে দিয়ে উৎসবের উদ্বোধন করেছেন।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) তথ্যমতে, নতুন শিক্ষাবর্ষে প্রাক-প্রাথমিক স্তরের ৩৪ লাখ ২৮ হাজার ১০ শিক্ষার্থীর জন্য ৬৮ লাখ ৫৬ হাজার ২০টি পাঠ্যপুস্তক; প্রাথমিক স্তরের ২ কোটি ৩৭ লাখ ৭ হাজার ১ শিক্ষার্থীর জন্য ৯ কোটি ৮৮ লাখ ৮২ হাজার ৮৯৯টি পাঠ্যপুস্তক; প্রাক-প্রাথমিক, প্রথম ও দ্বিতীয় শ্রেণির ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পাঁচটি ভাষার ৯৮ হাজার ১৪৪ শিক্ষার্থীর জন্য ২ লাখ ৭৬ হাজার ৭৮৪টি পাঠ্যপুস্তক; মাধ্যমিক স্তরের বাংলা, ইংরেজি ভাসন, এবতেদায়ি, দাখিল, দাখিল ভোকেশনাল, কারিগরির ১ কোটি ৮৭ লাখ ১৫ হাজার ৯৬০ শিক্ষার্থীর জন্য ২৪ কোটি ৬০ লাখ ৫২ হাজার ৬১টি পাঠ্যপুস্তক বিতরণ করা হবে।

**ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞপ্তি: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@ dainikamadershomoy.com, editor@ dainikamadershomoy.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি